# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৮৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - বক্তৃতা ও কবিতা আবৃত্তি

بَابُ الْبَيَانِ وَالشِّعْرِ

আরবী

وَعَنْ أُبَيِّ بْنِ كَعْبٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ مِنَ الشِّعْرِ حِكْمَةً» رَوَاهُ الْبُخَارِيُّ .

বাংলা

৪৭৮৪-[২] উবাই ইবনু কা’ব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন কোন কবিতা কৌশল কেবলই। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬১৪৫, আবূ দাঊদ ৫০১০, সহীহুল জামি‘ ২২১৯, তিরমিযী ২৮৪৪, সহীহ আল আদাবুল মুফরাদ ৬৬৩, মা‘রিফাতুস্ সুনান ওয়াল আসার ২৯৯৭, মুসান্নাফ ‘আবদুর রাযযাক ২০৪৯৯, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৬০০৫, মুসানাদুশ্ শাফি‘ঈ ১৬৮৬, মুসনাদুল বাযযার ৪৪৭০, মুসনাদে আহমাদ ২১১৫৪, দারিমী ২৭০৪, ইবনু মাজাহ ৩৭৫৫, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৮২২, আল মু‘জামুল আওসাত্ব ২৪৮১, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৯৪৪৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ কবিতায় (حِكْمَةً) আছে এর অর্থ হলো কবিতায় বাস্তবতার সাথে সামঞ্জস্যপূর্ণ সুন্দর কথাগুলো প্রজ্ঞাময় হিকমাহ্-এর একটি দিক হলো এটা মানুষকে মূর্খতা থেকে মুক্ত করে। আর কবিতায় যদি হিকমাহপূর্ণ কথা থাকে তাহলে তা কবির জ্ঞানের বহিঃপ্রকাশ ঘটে এবং মানুষ উপকৃত হয়। যেমন : উপদেশ সম্বলিত কবিতাসমূহ। (মিরক্বাতুল মাফাতীহ; ফাতহুল বারী ১০ম খন্ড, হাঃ ৬১৪৫; তুহফাতুল আহ্ওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৮৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75508

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন